

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের মার্চ/২০২১ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
সভার তারিখ ও সময় : ১৪/০৩/২০২১ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ৯ম সভা।

আলোচনা:

সদস্য সচিব জানান, ফেব্রুয়ারি সভার এপিএ টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী,

(ক) বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদন নিষ্পত্তিতে নির্ধারিত সময়সীমা এবং বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার, গ্যাসাধার আমদানি, পরিবহন ও মজুদ লাইসেন্স নির্ধারিত সময়ে মঞ্জুরের প্রমাণক দাখিল করার জন্য অফিস আদেশ জারি করে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(গ) অংশীজনের সাথে মতবিনিময়/অবহিতকরণ সভার আয়োজন করা হয়েছে।

২। সদস্য সচিব আরও জানান যে, বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুর এর ক্ষেত্রে ফেব্রুয়ারি মাস পর্যন্ত লক্ষ্যমাত্রার ৮১.১২% অর্জিত হয়েছে এবং বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স ০২ (দুটি) আবেদন নিষ্পন্ন হয়েছে, ০১(এক) টি ৫ দিনে এবং অন্যটি ৮ দিনে নিষ্পন্ন হয়েছে।

৩। প্রশিক্ষণে জনঘন্টা পূরণের লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। অসাধারণ মান অর্জনের ক্ষেত্রে আরও বেশি করে প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন।

৪। এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী একটি ডিজিটাল সেবা বাস্তবায়নের অফিস আদেশ ১৫/০২/২০২১ তারিখে জারি করা হয়েছে।


সিদ্ধান্ত

(ক) কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে;

(খ) ৪র্থ কোয়ার্টারে অংশীজনের সঙ্গে নির্ধারিত ১ টি সভা সম্পন্ন করতে হবে;

(গ) এপিএ টিমের মাসিক সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: dhaka@explosives.gov.bd